

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬২৬

৮৩/ ঈমান উপরে সুন্নত (كتاب الإيمان عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ব্যভিচারী ব্যক্তি ব্যভিচারে লিপ্ত থাকা অবস্থায় মু'মিন থাকে না।

بَابٌ مَا جَاءَ لَا يَرْزِنِي الزَّانِي وَهُوَ مُؤْمِنٌ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنْيَعٍ، حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ، عَنِ الْأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "لَا يَرْزِنِي الزَّانِي حِينَ يَرْزِنِي وَهُوَ مُؤْمِنٌ وَلَا يَسْرِقُ السَّارِقُ حِينَ يَسْرِقُ وَهُوَ مُؤْمِنٌ وَلَكِنَ التَّوْبَةُ مَعْرُوضَةٌ". وَفِي الْبَابِ عَنْ أَبْنِ عَبَّاسٍ وَعَائِشَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ أَبِي أُوفَى . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . - وَقَدْ رُوِيَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "إِذَا زَنَى الْعَبْدُ خَرَجَ مِنْ إِيمَانِهِ فَكَانَ فَوْقَ رَأْسِهِ كَالظُّلْلَةِ فَإِذَا خَرَجَ مِنْ ذِلِكَ الْعَمَلِ عَادَ إِلَيْهِ إِيمَانُهُ". وَقَدْ رُوِيَ عَنْ أَبِي جَعْفَرٍ مُحَمَّدِ بْنِ عَلَيٍّ أَنَّهُ قَالَ فِي هَذَا خَرَجَ مِنْ إِيمَانِهِ إِلَى إِسْلَامٍ . وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ فِي الزِّنَا وَالسَّرِقَةِ "مَنْ أَصَابَ مِنْ ذِلِكَ شَيْئًا فَأُقِيمَ عَلَيْهِ الْحَدُّ فَهُوَ كَفَارَةٌ ذَنْبِهِ وَمَنْ أَصَابَ مِنْ ذِلِكَ شَيْئًا فَسَتَرَ اللَّهُ عَلَيْهِ فَهُوَ إِلَى اللَّهِ إِنْ شَاءَ عَذَّبَهُ يَوْمَ الْقِيَامَةِ وَإِنْ شَاءَ غَفَرَ لَهُ". رَوَى ذَلِكَ عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ وَعُبَادَةُ بْنُ الصَّامِيتِ وَخُزِيمَةُ بْنُ ثَابِتٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

বাংলা

২৬২৬. আহমদ ইবন মানী' (রহঃ) ..... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ব্যভিচারী ব্যক্তি ব্যভিচারে লিপ্ত থাকা অবস্থায় মু'মিন থাকে না। চোর চুরি করা অবস্থায় মু'মিন থাকে না, তবে তখনও তওবার অবকাশ থাকে। সহীহ, ইবনু মাজাহ ৩৯৩৬, বুখারি ও মুসলিম।

এই বিষয়ে ইবন আবু আকবাস, আয়িশা এবং আবদুল্লাহ ইবন আবু আওফা (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে।

আবু হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে আরো বর্ণিত আছে যে, তিনি বলেনঃ কোন বান্দা যখন যিনি করে তখন তার ভিতর থেকে ঈমান বের হয়ে যায় এবং যেন ছায়ার মত তার মাথার উপর অবস্থান করে। এই দুর্ক্ষম থেকে যখন সেই ব্যক্তি সরে আসে তখন পুনর্বার ঈমান তার কাছে ফিরে আসে।

আবু জা'ফর মুহাম্মাদ ইবন আলী (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ এই সব ক্ষেত্রে ঈমানের স্তর থেকে বেরিয়ে ইসলামের স্তরে সে চলে আসে।

একাধিক সূত্রে যিনি ও চুরি প্রসঙ্গে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, কেউ যদি এই সব পাপ কর্মে লিপ্ত হয় এবং তার উপর হদ প্রতিষ্ঠা করা হয়ে গিয়ে থাকে তবে তা-ই এই ব্যক্তির গুনাহের জন্য কাফফারা বলে গণ্য হবে। আর কেউ যদি এই সব গুনাহে আপত্তি হয় আর আল্লাহ তাঁরালা তা গোপন রাখেন তবে তা আল্লাহর উপরই ন্যস্ত। ইচ্ছা করলে কিয়ামতের দিন তাকে আয়াবও দিতে পারেন আর ইচ্ছা করলে মাফও করে দিতে পারেন।

সহীহ, সহিহাহ ২৩১৭, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬২৫ [আল মাদানী প্রকাশনী]

আলী ইবন আবু তালিব, উবাদা ইবন সামিত ও খুয়ায়মা ইবন ছাবিত (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে উক্ত মর্মের হাদিস বর্ণিত আছে।

## English

Narrated Abu Hurairah:

that the Messenger of Allah (ﷺ) said: "The adulterer is not a believer while he is committing adultery, and the thief is not a believer while he is stealing, but there is a chance for repentance; (if he repents, Allah will accept the repentance)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিগীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37980>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন